দৈনিক বাংলা

তারিখ ...24 OCT 1991...
পৃষ্ঠা... ১ ...কলাম...৬...

126

# বুয়েট শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত ঃ পরীক্ষা স্থগিত

।। বুয়েট রিপোর্টার ।।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বুয়েট ক্যাম্পাসে গত ১৯শে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বুয়েট শিক্ষকদের

(প্রথম পৃঃ পর)

অক্টোবর সংগঠিত সন্ত্রাসের বিরুদ্ধে এ পর্যন্ত গৃহীত সরকারী পদক্ষেপের ব্যাপারে অসন্তোষ প্রকাশ করেছে।

গতকাল সমিতির এক জরুরী সভায় বলা হয় বুয়েট ক্যাম্পাসে এখনও নিরাপত্তাবোধ ফিরে আসেনি, সন্ত্রাসকারীদের গ্রেফতারের কোন কার্যকর ব্যবস্থা নেয়া হয়নি, ক্ষতিগ্রস্ত শিক্ষকদের ক্ষতিপূরণ দেয়ার ব্যাপারেও কর্তৃপক্ষ কোন কার্যকর ব্যবস্থা নেয়নি। সরকার কর্তৃক গঠিত তদন্ত কমিটিতে কোন সময়সীমা বেঁধে না দেয়ায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয়।

সভায় শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং সরকারের নিকট তিন দফা দাবী জানানো হয়েছে। দাবীগুলো হচ্ছে, চার সপ্তাহের মধ্যে তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ, এক সপ্তাহের মধ্যে ক্ষতিগ্রস্ত শিক্ষকদের পূর্ণ ক্ষতিপূরণ প্রদান এবং দোষী ব্যক্তিদের গ্রেফতার ও ক্যাম্পাসের নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে নিরাপত্তা-বোধ ফিরিয়ে আনা।

অন্যদিকে প্রকৌশল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্মচারী ঐক্য পরিষদ সন্ত্রাসের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যকরী পদক্ষেপে সন্তোষ প্রকাশ করে কর্মবিরতি প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে।